# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৭১৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭২০]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ৪২: সাত রাকআত বিতর কিভাবে আদায় করবে?

## باب كَيْفَ الْوِتْرُ بِسَبْعٍ

আরবী

أَخْبَرَنَا زَكَرِيَّا بْنُ يَحْيَى، قال: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، قال: حَدَّثَنَا مُعَاذُ بْنُ هِشَامٍ، قال: حَدَّثَنِي أَبِي، عَنْ قَتَادَةَ، عَنْ زُرَارَةَ بْنِ أَوْفَى، عَنْ سَعْدِ بْنِ هِشَامٍ، عَنْ عَائِشَةَ، قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَوْتَرَ بِتِسْعِ رَكَعَاتٍ لَمْ يَقْعُدْ إِلَّا فِي الثَّامِنَةِ فَيَحْمَدُ اللَّهَ وَيَذْكُرُهُ وَيَدْعُو ثُمَّ يَنْهَضُ وَلَا يُسَلِّمُ، ثُمَّ يُصَلِّي التَّاسِعَةَ فَيَجْلِسُ فَيَذْكُرُ اللَّهَ عَزَّ وَجَلَّ وَيَدْعُو ثُمَّ يُسَلِّمُ تَسْلِيمَةً يُسْمِعُنَا، ثُمَّ يُصَلِّي رَكْعَتَيْنِ وَهُوَ جَالِسٌ، فَلَمَّا كَبِرَ وَضَعُفَ أَوْتَرَ بِسَبْعِ رَكَعَاتٍ لَا يَقْعُدُ إِلَّا فِي السَّادِسَةِ ثُمَّ يَنْهَضُ وَلَا يُسَلِّمُ فَيُصَلِّي السَّابِعَةَ، ثُمَّ يُسَلِّمُ تَسْلِيمَةً ثُمَّ يُصَلِّي رَكْعَتَيْنِ وَهُوَ جَالِسٌ .

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ١٦١١٣، ١٦١١٤) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1720 ـ صحيح

বাংলা

১৭১৯. যাকারিয়া ইবনু ইয়াহইয়া (রহ.) ..... ‘আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ (সা.) যখন নয় রাকআত বিতর আদায় করতেন কেবলমাত্র অষ্টম রাকআতেই বসতেন এবং আল্লাহ তা'আলার প্রশংসা এবং যিকর করতেন আর দুআ করতেন। অতঃপর উঠে যেতেন এবং সালাম ফিরাতেন না। অতঃপর নবম রাকআত আদায় করতেন এবং বসে যেতেন ও আল্লাহ তা'আলার যিকর করতেন আর দু'আ করতেন। অতঃপর এমনভাবে সালাম ফিরাতেন যা আমরা শুনতে পেতাম। অতঃপর বসা অবস্থায় আরো দু' রাকআত সালাত আদায় করতেন। যখন তার বয়স বেড়ে গেল এবং দুর্বলতা এসে গেল তখন সাত রাকআত বিতর আদায় করতেন, শুধুমাত্র ষষ্ঠ রাক'আতেই বসতেন। এরপর উঠে যেতেন সালাম ফিরাতেন না। এরপর সপ্তম রাক'আত আদায় করতেন।

এরপর সালাম ফিরাতেন, এরপর বসা অবস্থায় আরো দু' রাকআত সালাত আদায় করতেন।

## English

How to pray witr with seven

Mu'adh bin Hisham said: My father narrated to me, from Qatadah, from Zurarah bin Awfa, from Sa'd bin Hisham, that Aishah said: 'When the Messenger of Allah (ﷺ) prayed witr with nine rak'ahs, he did not sit until the eighth rak'ah. Then he would praise Allah (SWT) and remember Him and supplicate, then he would get up and he wouldn't say the taslim, then he prayed the ninth, then he sat and remembered Allah (SWT) and supplicated. Then he said a taslim that we could hear. Then he prayed two rak'ahs sitting down. When he grew older and weaker, he prayed witr with seven rak'ahs and did not sit until the sixth. Then he got up and did not say the taslim, and prayed the seventh, then he said the taslim, then he prayed two rak'ahs sitting down.'

### ফুটনোট

সহীহঃ বুখারী ২৮৯, মুসলিম ৭৪৬, আবু দাউদ ১৩৪২, সহীহ আবু দাউদ ১২১৩। [দ্রঃ ১৬০১]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90215

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন